কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-৩ অধিশাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৫৪.৯৯.০১৫.১৬ (অংশ-৫)- ৫৬৮

তারিখ : ২২/০৮/১৪২৪ বঙ্গাব্দ
০৬/১২/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **সভার কার্যবিবরণী বিতরণ।**

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রস্তাবিত কন্ট্রাক্ট ফার্মিং এর মাধ্যমে রপ্তানিযোগ্য আম উৎপাদনের নিমিত্ত চুক্তিবদ্ধ কৃষকদের তালিকা অনুমোদন এবং Phytosanitary Certificate (PC) রহিতকরণের আদেশ প্রত্যাহার বিষয়ে বিস্তারিত পর্যালোচনার জন্য গত ২১/১১/২০১৭ খ্রি: তারিখে অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের সভাপতিতে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : সভার কার্যবিবরণী।

(বলাই কৃষ্ণ হাজরা)
যুগ্মসচিব
ফোন নং-৯৫৬৮৪১১
ই-মেইল-hkbalai99@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা ।
০২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ।
০৪। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৫। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, কাওরান বাজার, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ঢাকা।
০৭। উপ-পরিচালক (রপ্তানি), উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
০৮। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফাইটোস্যানিটারী সামর্থ শক্তিশালীকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
০৯। জনাব মো: আহসান উল্যা, কনসালটেন্ট, SPCBP, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০। সভাপতি, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস এন্ড এলাইড প্রডাক্টস এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন, রহমানিয়া ইন্টারন্যাশনাল কমপ্লেক্স (৬ষ্ঠ তলা) ২৮/১/সি/টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। প্রোপ্রাইটর, রিফাত ইন্টারপ্রাইজ, ৪২/ডি, মহানগর প্রজেক্ট, রামপুরা, ঢাকা-১২১৯।
১২। জনাব মঞ্জুরুল ইসলাম, উপদেষ্টা, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস এন্ড এলাইড প্রডাক্টস এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন, রহমানিয়া ইন্টারন্যাশনাল কমপ্লেক্স (৬ষ্ঠ তলা) ২৮/১/সি/টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বা/এ, ঢাকা।
১৩। জনাব মো: মজিবুল হক, সুপার মার্কেট এন্ড ডিস্ট্রিবিউশন স্পেশালিষ্ট, সলিডারিডাড নেটওয়ার্ক এশিয়া, ধানমন্ডি, ঢাকা।
১৪। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :**

০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। অফিস কপি ও মাস্টার ফাইল।

E:\copy\Bibidh\কৃষি পণ্য রপ্তানী\12.00.0000.054.99.015.16(Part-5, Tikfa Forum)\Letter-part-5.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-৩ অধিশাখা

**কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রস্তাবিত কন্ট্রাক্ট ফার্মিং এর মাধ্যমে রপ্তানিযোগ্য আম উৎপাদনের নিমিত্ত চুক্তিবদ্ধ কৃষকদের তালিকা অনুমোদন এবং PC রহিতকরণের আদেশ প্রত্যাহার বিষয়ে ২১/১১/২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | | |
|---|---|---|---|
| ১.০ | সভার সভাপতি | : | জনাব মো: মোশারফ হোসেন<br>অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয় |
| ২.০ | সভার তারিখ ও সময় | : | ২১ নভেম্বর, ২০১৭; বেলা ১২.০০ ঘটিকা |
| ৩.০ | স্থান | : | কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| ৪.০ | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| ৫.০ | আলোচনা ও সিদ্ধান্ত: | | |

৫.০.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মসচিব (সম্প্রসারণ-৩) সভার আলোচনা শুরু করেন।

৫.১ সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে বর্ণনা করা হলো :

| ক্র:নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫.১.১ | **বিষয়: রপ্তানিকারকগণ কর্তৃক চুক্তিবদ্ধ আমচাষীদের তালিকা জমাদান ও গ্রহণ**<br>পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জানান যে, কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত গাইডলাইন অনুযায়ী ৩০/০৯/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে চুক্তিবদ্ধ আম চাষীর তালিকা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে জমা দানের কথা থাকলেও কোন রপ্তানিকারক উক্ত সময়সীমার মধ্যে কোন তালিকা জমা দেননি। রপ্তানিকারকগণের পক্ষ থেকে তা বিলম্বে অর্থাৎ ০২/১০/২০১৭ থেকে ০৮/১০/২০১৭ খ্রিঃ পর্যন্ত ২৮ জন রপ্তানিকারক ৩১২ জন কৃষকের তালিকা জমা দিয়েছেন। প্রাপ্ত আবেদনগুলি অনুমোদন করা যায় কিনা সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। জনাব মনসুর রহমান, সাধারণ সম্পাদক, BFVAPEA বলেন, আবেদনপত্র সমুহের সময়সীমা আরও কিছুদিন বাড়ানো দরকার। সভাপতি বলেন যে, সময়সীমা আর বাড়ানো সঠিক হবেনা । প্রাপ্ত আবেদনগুলো অনুমোদন করা যেতে পারে। জনাব মুহাঃ আনোয়ার হোসেন খান, উপ-পরিচালক (রপ্তানি) বলেন যে, জমাদানকৃত চুক্তিবদ্ধ আম চাষীর অধিকাংশ চুক্তিপত্র অসম্পূর্ণ এবং আংশিক তথ্য সম্বলিত এবং স্পষ্ট নয়। চুক্তিপত্র গুলোতে আমের জাত ক্রয়যোগ্য আমের পরিমাণ, ব্যাগিং/নন ব্যাগিং কিনা ইত্যাদি সহ অধিকাংশ বিষয়ে স্পষ্টতা নাই। এমতাবস্থায় সকল চুক্তিপত্র সম্পূর্ণ তথ্য সমৃদ্ধ এবং স্পষ্টতা থাকতে হবে। সভাপতি বলেন যে, গত আম মৌসুমে রপ্তানিকারকগণ চুক্তি অনুযায়ী কৃষকের নিকট থেকে আম ক্রয় করেন নি। এতে কৃষকগণ ক্ষতিগ্রস্থ হয়েছেন। এ বছর যাতে এমন অবস্থায় সৃষ্টি না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে। | (১) কন্ট্রাক্ট ফার্মিং এর মাধ্যমে আম রপ্তানির নিমিত্ত রপ্তানিকারকগণ কর্তৃক ০৮/১০/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত জমাকৃত চুক্তিনামাসহ আবেদনসমূহ অনুমোদন করা হলো। আবেদন গ্রহণের সময়সীমা আর বাড়ানো যাবে না।<br>(২) রপ্তানিকারকগণ কর্তৃক দাখিলকৃত অসম্পূর্ণ ও অস্পষ্ট চুক্তিনামাসমূহ আগামী ৩০/১১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সংশোধন করে পুনরায় পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং এর দপ্তরে জমা দিতে হবে। বিশেষ করে চুক্তিপত্রে কৃষকের নিকট হতে ক্রয়যোগ্য আমের পরিমাণ, জাত এবং ব্যাগিং/নন-ব্যাগিং পদ্ধতি সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। এছাড়া উৎপাদক, ক্রেতা এবং স্বাক্ষীর নাম, স্বাক্ষর, তারিখ, মোবাইল নাম্বার থাকতে হবে। | উদ্ভিদ সংগনিরোধ উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, BFVAPEA ও রপ্তানিকারকগণ |
| ৫.১.২ | **বিষয়: রপ্তানিকারকগণের PC প্রদান স্থগিত রাখার বিষয়টি পুন:বিবেচনা**<br>যুগ্ম সচিব, জনাব বলাই কৃষ্ণ হাজরা বলেন EU কর্তৃক Non-compliance নোটিফিকেশনের কারণে ৭০-৭৫ জন রপ্তানিকারকের | Non-compliance এর কারণে যে সকল রপ্তানিকারকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে PC | সংশ্লিষ্ট কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে মামলাসহ তাদের PC প্রদান স্থগিত রাখা হয়েছে। এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের তদন্ত ও নির্দেশনার ভিত্তিতে এ সকল ব্যবস্থা নেয়া হয়েছে। ইতোমধ্যে ০৩ (তিন) জন রপ্তানিকারক তাঁদের PC প্রদান স্থগিতাদেশ প্রত্যাহারের বিষয়ে আবেদন করেছেন। BFVAPEA এর সাধারন সম্পাদক বলেন যে, কিছু কিছু রপ্তানিকারক ব্যাংকে ঋণগ্রস্থ আছে, কিছু সংখ্যক রপ্তানিকারকের EU এর আমদানিকারকের কাছে টাকা পাওনা রয়েছে। এতে সংশ্লিষ্ট রপ্তানিকারকগণ ক্ষতিগ্রস্থ হয়েছে। এক্ষেত্রে EPB এর পরিচালক (কমোডিটি) জনাব আব্দুর রৌফ বলেন, রপ্তানিকারকগণের অপরাধের মাত্রানুযায়ী স্থগিতাদেশ প্রত্যাহার করা যেতে পারে। সভাপতি বলেন যে, এ বিষয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে সুপারিশের ভিত্তিতে ব্যবস্থা নেয়া হবে। | ইস্যু স্থগিত রাখা হয়েছে তা প্রত্যাহারের বিষয়ে পর্যালোচনা ও মতামত/সুপারিশ প্রদানের নিমিত্ত নিম্মোক্ত ভাবে একটি কমিটি গঠন করা হলোঃ<br>১। যুগ্ম সচিব (সম্প্রসারণ-৩), কৃষি মন্ত্রণালয় - আহবায়ক<br>২। বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি- সদস্য<br>৩। উপ-পরিচালক (রপ্তানি), উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই - সদস্য<br>৪। পরিচালক (কমোডিটি), ইপিবি - সদস্য<br>৫। BFVAPEA এর একজন প্রতিনিধি - সদস্য | |
| ৫.১.৩ | **বিষয়: আমের ব্যাগিং**<br>যুগ্ম সচিব (সম্প্রসারণ-৩) বলেন, বিগত বছরে রপ্তানিযোগ্য আমের ব্যাগিং পদ্ধতির বিষয়ে অনেক সমস্যা/অভিযোগ তৈরি হয়েছে। জনাব মোহাম্মদ মহসীন, পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং বলেন যে, গত মৌসুমে আমের ব্যাগিং/নন-ব্যাগিং বিষয়ে বিতর্ক হয়েছে। অতএব এ বছরে এ বিষয়ে সুস্পষ্ট সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। BFVAPEA সেক্রেটারী বলেন, আমের ব্যাগিং/নন-ব্যাগিং এর ক্ষেত্রে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত না নিয়ে কৃষি গবেষণা প্রতিষ্ঠানের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, উপদেষ্টা BFVAPEA বলেন যে, রপ্তানিকারকগণ এ বছর ব্যাগিং এর বিষয়ে আগ্রহী নয়। তারা এ বছর নন -ব্যাগিং এর মাধ্যমে আম রপ্তানির বিষয়ে কৃষকের সাথে চুক্তিবদ্ধ হয়েছে। জনাব মুজিবুল হক, সলিডারিডাড নেটওয়ার্ক এশিয়া বলেন যে, সলিডারিডাড নেটওয়ার্ক এশিয়া একটি বেসরকারী উন্নয়ন সহযোগী সংস্থা। এরা কৃষকের আম উৎপাদন ও বাজারজাত করণের ক্ষেত্রে সহযোগিতা করে থাকে। তিনি বলেন যে, প্রকাশিত গাইডলাইন অনুযায়ী সিস্টেম এ্যাপ্রোচের মাধ্যমে রপ্তানিযোগ্য আম উৎপাদন করতে হবে। জনাব আহসান উল্যা, কনসালটেন্ট (PRA) বলেন যে, আবহাওয়া পরিবেশ উষ্ণতা অনুযায়ী কোন কোন এলাকায় আম আগে পাকে এবং কোন কোন এলাকায় দেরীতে পাকে। সাধারনত জুন মাসের শেষের দিকে বৃষ্টিপাত শুরু হলে আম পাকার সাথে সাথে ফলের মাছি পোকার আক্রমনও বেশি হয়ে থাকে। ফলে মে-জুন মাসে উৎপাদিত আমে মাছি পোকা কম থাকে। EU এর সাথে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সে পূর্বেকার রেকর্ড ধরে জানান যে, বাংলাদেশ হতে আমদানিকৃত আমের বেশির ভাগ Interception হয়েছে জুলাই মাসে রপ্তানিকৃত আমে। তিনি আরও বলেন যে, আমদানি-রপ্তানি বিষয়ে WTO-IPPC কর্তৃক Adopted ISPM এর গাইড লাইন অনুসরণ করা না হলে আমদানিকারক দেশ কোন পণ্য গ্রহণে অস্বীকৃতি জানায়। EPB এর প্রতিনিধি জনাব আব্দুর রৌফ বলেন, ব্যাগিং পদ্ধতি ছাড়াও রপ্তানিযোগ্য নন-ব্যাগিং আমে Hot water treatment করে আম রপ্তানি করা যেতে পারে। বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব বলেন যে, আম রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে রপ্তানির সময়সীমা বাড়ানোর জন্য ব্যাগিং বাধ্যতামূলক করা দরকার। | ক) রপ্তানিকারকগণ আমদানিকারকগণের চাহিদার ভিত্তিতে কৃষকের সাথে আলোচনা করে আমের ব্যাগিং/নন-ব্যাগিং এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।<br>খ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনকৃত গাইডবুক অনুযায়ী আম উৎপাদন ও রপ্তানি করা হবে।<br>(গ) আমে ব্যাগিং পদ্ধতি বাধ্যতামূলক করা বিষয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট এর মতামত/ সুপারিশ নেয়ার পর পরবর্তী ব্যবস্থা নিতে হবে। | কৃষি মন্ত্রণালয়, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট, BFVAPEA ও রপ্তানিকারকগণ |

| | | | |
|---|---|---|---|
| ৫.১.৪ | **বিষয়: বিবিধ**<br>রিফাত এন্টারপ্রাইজ এর প্রতিনিধি কাজী মুন্নি বলেন যে, তার প্রতিষ্ঠান যশোরে বিভিন্ন বালাইমুক্ত ও নিরাপদ শাক-সবজি ও ফলমূল উৎপাদন করছে। তিনি এগুলো রপ্তানিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতা চান। আলোচনাকালে তাকে এ বিষয়ে রপ্তানিকারকগণের সাথে সরাসরি যোগাযোগ করার পরামর্শ দেয়া হয় এবং প্রয়োজনে সহযোগিতা প্রদানেরও আশ্বাস দেয়া হয়। | রপ্তানিকারকগণ প্রতিষ্ঠানটির উৎপাদিত শাক-সবজি ও ফলমূল পরিদর্শন করে রপ্তানি করতে পারেন। | রিফাত এন্টারপ্রাইজ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, BFVAPEA ও রপ্তানিকারকগণ |

৬.০ পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: মোশাররফ হোসেন)
অতিরিক্ত সচিব

পরিশিষ্ট-ক

বিষয়: কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রস্তাবিত কন্ট্রাক্ট ফার্মিং এর মাধ্যমে রপ্তানিযোগ্য আম উৎপাদনের নিমিত্ত চুক্তিবদ্ধ কৃষকদের তালিকা অনুমোদন এবং PC রহিতকরণের আদেশ প্রত্যাহার বিষয়ে আলোচনা সংক্রান্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা।

স্থান : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১২, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
তারিখ : ২১/১১/২০১৭ খ্রি:
সময় : দুপুর ১২.০০ টা।

| ক্র:নং | নাম, পদবী ও কর্মস্থল | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মো: বদরুল হাসান বাবুল JS MoC | 01712120289 | babulrang06@yahoo.com | [signature] |
| ২. | মোহাম্মদ মহসীন পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই | 01711150572 | dpqw@dae.gov.bd | [signature] |
| ৩. | মো: আহসান উল্লা কনসালটেন্ট - [illegible] [illegible], [illegible] | 01720081022 | aullah61@gmail.com | [signature] |
| ৪. | মো: আনোয়ার হোসেন খান উপপরিচালক (রপ্তানি) PQW, DAE | 01711013862 | anwarhk60@live.com | [signature] 22.11.17 |
| ৫. | ড. মোহাম্মদ আলী প্রকল্প পরিচালক এস পি সি বি প্রকল্প ডি.এ.ই | 01711701496 | m.alibau87@yahoo.com | [signature] |
| ৬. | মো: মজিবুল হক সিনিয়র ম্যানেজার সলিডারিডাড নেটওয়ার্ক | 01715394335 | mozibull@solidaridadnetwork.org | [signature] |
| ৭. | মো: মনিরুল ইসলাম ডিরেক্টর BFVAPEA | 01776434339 | monirulbkn10@yahoo.com | [signature] |

বিষয়: কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রস্তাবিত কন্ট্রাক্ট ফার্মিং এর মাধ্যমে রপ্তানিযোগ্য আম উৎপাদনের নিমিত্ত চুক্তিবদ্ধ কৃষকদের তালিকা অনুমোদন এবং PC রহিতকরণের আদেশ প্রত্যাহার বিষয়ে আলোচনা সংক্রান্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা।

স্থান : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১২, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
তারিখ : ২১/১১/২০১৭ খ্রি:
সময় : দুপুর ১২.০০ টা।

| ক্র:নং | নাম, পদবী ও কর্মস্থল | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৮. | MOHAMMED MONSUR GENERAL SECRETARY BFVAPEA | 01711-524039 | MGTCARGO.77@GMAIL.COM | [signature] |
| ৯. | KAZI MUNNI RIGAT ENTERPRISE | 01727365369 | KAZIMUNNI@RAFAT ENTERPRISE.COM | [signature] |
| ১০. | [illegible] | 01915386995 | dir-commodity@epb.gov.bd | [signature] |
| ১১. | মোঃ আব্দুল [illegible] | 0171306356 9 | md abdul 9313 57 @ gmail.com | [signature] |
| ১২. | | | | |
| ১৩. | | | | |
| ১৪. | | | | |

E:\copy\Backup\Attent to Mitting.doc..doc